



বাংলাদেশ কৃষি ব্যাংক

প্রধান কার্যালয়

কৃষি ব্যাংক ভবন

৮৩-৮৫ মতিঝিল বাণিজ্যিক এলাকা

ঢাকা-১০০০

ফোন : ৯৫৭৪০২৫

পিএবিএক্স : ৯৫৬০০৩১-৩৫/৪৫৩

শাখা নিয়ন্ত্রণ ও ব্যবসা উন্নয়ন বিভাগ

নং-প্রকা/শানিবাউবি-৩(১০)অংশ-০৬/২০১৯-২০২০/১৮

তারিখ: ১১/০৭/২০১৯ খ্রিঃ

উপসচিব

উপকর্মসূচী পরিচালক (প্রশাসন ও প্রশিক্ষণ)

অর্থ মন্ত্রণালয়

সরকারি ব্যয়ব্যবস্থাপনা শক্তিশালীকরণ কর্মসূচি

ইউসেপ চেইনী টাওয়ার (৩য় তলা)

২৫, সেগুনবাগিচা, ঢাকা-১০০০।

বিষয়: 'জাতীয় সঞ্চয়কর্ম অনলাইন ম্যানেজমেন্ট সিস্টেম' এর আওতায় বাণিজ্যিক ব্যাংকের মাধ্যমে সারাদেশে সঞ্চয়পত্র বিক্রয়ের অর্থ সরকারি খাতে জমাকরণ প্রসঙ্গে।

প্রিয় মহোদয়,

উপর্যুক্ত বিষয়ে বাংলাদেশ কৃষি ব্যাংক, স্থানীয় মুখ্য কার্যালয়, ঢাকার ০৭/০৭/২০১৯ তারিখের পত্র নং-বিকেবি/এলপিও/এসবি-১(৬১)/২০১৯-২০/৪৭ এর মাধ্যমে প্রাপ্ত বাংলাদেশ ব্যাংক, প্রধান কার্যালয়ের ডেট ম্যানেজমেন্ট ডিপার্টমেন্ট (প্রাইজবন্ড, সঞ্চয়পত্র ও সঞ্চয়বন্ড শাখা) এর ০১/০৭/২০১৯ তারিখের সূত্র নং-ডিএমডি/সঞ্চয়পত্র-৩৯/২০১৯-১০৯৬-তে সঞ্চয়পত্রের সুষ্ঠু ব্যবস্থাপনা নিশ্চিত করণার্থে 'জাতীয় সঞ্চয়কর্ম অনলাইন ম্যানেজমেন্ট সিস্টেম' এর মাধ্যমে সারাদেশে সঞ্চয়পত্র বিক্রয়ের অর্থ সিস্টেম হতে জেনারেটেড দৈনিক সঞ্চয়পত্র বিক্রয় বিবরণী অনুযায়ী কেন্দ্রীয়ভাবে বাংলাদেশ ব্যাংক, মতিঝিল হতে সংশ্লিষ্ট বাণিজ্যিক ব্যাংকের হিসাব ডেবিট করে সরকারি হিসাব ক্রেডিট করার কথা বলা হয়েছে। এ নিমিত্তে বাংলাদেশ ব্যাংকের সাথে বাণিজ্যিক ব্যাংকসমূহের রক্ষিত হিসাবে যাতে পর্যাপ্ত অর্থ জমা থাকে সে বিষয়ে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের অনুরোধ জানানো হয়েছে।

০২। বাংলাদেশ ব্যাংকের উক্ত নির্দেশনা মোতাবেক দৈনিক ভিত্তিতে অত্র ব্যাংকের মাধ্যমে বিক্রয়কৃত সঞ্চয়পত্রের মোট অর্থ ডেবিট করার সুবিধার্থে বাংলাদেশ ব্যাংক, প্রধান কার্যালয়ের সংশ্লিষ্ট বিভাগের সাথে হিসাব রক্ষণাবেক্ষণকারী বিকেবি, স্থানীয় মুখ্য কার্যালয়ের সঞ্চয়পত্র বিক্রয়ের মনিটরিং ক্ষমতা থাকা আবশ্যিক। এছাড়া, অত্র ব্যাংকের বিভিন্ন শাখার মাধ্যমে জাতীয় সঞ্চয় ব্যুরো হতে বিক্রয়কৃত সঞ্চয়পত্রের টাকা সংশ্লিষ্ট শাখার প্রদেয় খাতে জমা করার পর হিসাবের সমন্বয়সাধনের জন্যও শাখা বা ব্যুরোওয়ারী সঞ্চয়পত্র বিক্রয় তথ্য জানার প্রয়োজনীয়তার কথা স্থানীয় মুখ্য কার্যালয়ের উক্ত পত্রে উল্লেখ করা হয়েছে।

০৩। এমতাবস্থায়, বাংলাদেশ কৃষি ব্যাংকের মাধ্যমে সারাদেশে বিক্রিত সঞ্চয়পত্র মনিটরিং এর জন্য বিকেবি, স্থানীয় মুখ্য কার্যালয়ে কর্মরত 'জাতীয় সঞ্চয়কর্ম অনলাইন ম্যানেজমেন্ট সিস্টেম' ব্যবহারকারী নিম্নেবর্ণিত কর্মকর্তাদের ক্ষমতা প্রদানের সদয় অনুমোদন দেয়ার অনুরোধ করা হলো।

ক্রমিক	কর্মকর্তার নাম ও পদবী	বিদ্যমান ইউজার আইডি	মোবাইল নং	ই-মেইল আইডি
০১	জনাব রুহুল আমিন উর্ধ্বতন মুখ্য কর্মকর্তা	ruhula	০১৭১৫৯৫৫৩৮১	ru.amin@gmail.com
০২	জনাব মোস্তাফিজুর রহমান মিল্লা উর্ধ্বতন মুখ্য কর্মকর্তা	mustafizurb	০১৮১৬২০৫৪৭৩	mustafiz3577@gmail.com
০৩	জনাব মৌসুমী চক্রবর্তী উর্ধ্বতন কর্মকর্তা	mousumi	০১৭৬৩৩৮৯৫৫১	m_chakraborty@yahoo.com

অনুমোদনক্রমে-

আপনার বিশ্বস্ত,

(মোহাম্মদ মনিরুল ইসলাম)

উপ-মহাব্যবস্থাপক

তারিখ: ১১/০৭/২০১৯ খ্রিঃ

নং-প্রকা/শানিবাউবি-৩(১০)অংশ-০৬/২০১৯-২০২০/

অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপিঃ

- ০১। স্টাফ অফিসার, সকল মহাব্যবস্থাপক মহোদয়ের দপ্তর, বাংলাদেশ কৃষি ব্যাংক।
- ০২। উপ-মহাব্যবস্থাপক, দ্বৈত্রী ম্যানেজমেন্ট বিভাগ, বিকেবি, প্রধান কার্যালয়, ঢাকা।
- ০৩। উপ-মহাব্যবস্থাপক, আইসিটি সিস্টেমস, কার্ড ও মোবাইল ব্যাংকিং বিভাগ, বিকেবি, প্রকা, ঢাকা। তাঁকে উপরোক্ত পত্রটি বিকেবি, ওয়েব-সাইটে আপলোড করার প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুরোধ করা হলো।
- ০৩। সকল মুখ্য আঞ্চলিক ও আঞ্চলিক ব্যবস্থাপক, বাংলাদেশ কৃষি ব্যাংক।
- ০৪। উপ-মহাব্যবস্থাপক (প্রশাসন ও সাধারণ ব্যাংকিং), বিকেবি, স্থানীয় মুখ্য কার্যালয়, ঢাকা।
- ০৫। উপ-মহাব্যবস্থাপক, সংশ্লিষ্ট সকল কর্পোরেট শাখা, বাংলাদেশ কৃষি ব্যাংক। তাদেরকে কোন নির্দিষ্ট দিনে বিক্রয়কৃত সঞ্চয়পত্রের সমুদয় টাকা সঞ্চয়পত্রের ধরণ অনুযায়ী ব্রেক-আপসহ একটিমাত্র ক্রেডিট এ্যাডভাইসে পরবর্তী কার্যদিবসের মধ্যে বিকেবি, স্থানীয় মুখ্য কার্যালয়ে প্রেরণ নিশ্চিত করার জন্য অনুরোধ করা হলো।
- ০৬। সংশ্লিষ্ট সকল শাখা ব্যবস্থাপক, বাংলাদেশ কৃষি ব্যাংক। তাদেরকে কোন নির্দিষ্ট দিনে বিক্রয়কৃত সঞ্চয়পত্রের সমুদয় টাকা সঞ্চয়পত্রের ধরণ অনুযায়ী ব্রেক-আপসহ একটিমাত্র ক্রেডিট এ্যাডভাইসে পরবর্তী কার্যদিবসের মধ্যে বিকেবি, স্থানীয় মুখ্য কার্যালয়ে প্রেরণ নিশ্চিত করার জন্য পরামর্শ প্রদান করা হলো।
- ০৭। অফিস নথি।

(মোঃ নিজামুল ইসলাম)

সহকারী মহাব্যবস্থাপক